



প্রধানমন্ত্রী খালেদা জিয়া গভর্নর খুলনা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে মেধা প্রকৌশলীদের সর্বাঙ্গিক প্রধান করেন - ছবি : নিআইটি

সৃজনশীল মেধা ও উদ্ভাবনী শক্তি

শেখের পাতার পর পদক প্রদান করেন। সমাবর্তন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আরো বলেন, শিক্ষা ক্ষেত্রে বৈষম্য দূরীকরণে মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করার কাজ শুরু হয়েছে। পরীক্ষায় নকল ব্যাপকভাবে কমিয়ে আনা হয়েছে। নকল সম্পূর্ণ বন্ধ করতে হবে। এ ব্যাপারে সকলকে এগিয়ে আসতে হবে। শিক্ষার প্রসারই শেষ কথা নয়। আমাদের প্রয়োজন মানসম্পন্ন শিক্ষা। যে শিক্ষা হবে জ্ঞাননির্ভর, বাস্তবভিত্তিক, প্রায়োগিক এবং মানবিক মূল্যবোধে উজ্জীবিত। সেই ধরনের শিক্ষার অনুশীলন আমাদের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে হতে হবে।

প্রধানমন্ত্রী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন ও গবেষণায় নিমগ্ন থাকার উপযোগী সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করার উপায়ের সকলকে সচেষ্ট থাকার আহ্বান জানিয়ে শিক্ষক ও ছাত্রদের উদ্দেশ্যে বলেন, চলতি ২০০৩ সালকে 'শিক্ষা বর্ষ' হিসেবে ঘোষণা করা হয়েছে। উন্নত পাঠদান ও যুগউপযোগী শিক্ষা নিশ্চিতের মাধ্যমে আপনারা সরকারের এই ঘোষণাকে সফল করবেন। চলতি শতকে বিশ্বের দেশে দেশে শিক্ষা ব্যবস্থা ও কারিকুলাম অনেক রদবদল হয়েছে। বিশেষ করে প্রকৌশল শিক্ষার ক্ষেত্রে আগের শতাব্দীর অনেক কিছুই দ্রুত পরিবর্তন হচ্ছে বিশ্বের নব উদ্ভাবিত জ্ঞান ও প্রযুক্তির সঙ্গে ভাল মিলিয়ে। কাজেই আমাদের দেশের প্রকৌশল ও প্রযুক্তি শিক্ষাকেও হাদনাশাপ করতে হবে। যুগের চাহিদা অনুযায়ী বিভাগ, কোর্স ও কারিকুলামকে করতে হবে আরো গতিশীল।

শিক্ষার সুষ্ঠু ও সুস্থ পরিবেশ নিশ্চিত করার অঙ্গীকার ব্যক্ত করে প্রধানমন্ত্রী ছাত্রদের উদ্দেশ্যে বলেন, শিক্ষার পরিবেশ বিশেষ করে প্রকৌশল বিদ্যালয়গুলোর সুষ্ঠু পরিবেশ কতিপয় হলে দেশ ও জাতি হবে বেশি ক্ষতিগ্রস্ত। প্রকৌশল বিদ্যালয়গুলোর সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য তিনি ছাত্রদের বিশেষ জমিকা রাখার আহ্বান জানান। তা না হলে শিক্ষা হবে অসম্পূর্ণ।

তিনি আরো বলেন, সরকার ইতিমধ্যেই সরকারি শূন্য পদে নিয়োগের উদ্যোগ নিয়েছে। পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠানেও যাতে কর্মসংস্থান হয় তার জন্য প্রাইভেট সেক্টরের বিকাশ ও সম্প্রসারণে উৎসাহ জুগিয়ে যাচ্ছে। নবগঠিত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বিদেশে কর্মসংস্থানের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। শিক্ষাকে যুগোপযোগী করার জন্য নতুন শিক্ষা কমিশন গঠন করা হয়েছে। এই কমিশন দেশের জন্য যথোপযুক্ত বাস্তবসম্মত ও মূহুর্তী একটি শিক্ষা ব্যবস্থার সুপারিশ করতে পারবে।

বেসরকারি উদ্যোক্তাদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, সরকারি বেসরকারি খাতকে যেভাবে উৎসাহী করছে তার বিনিময়ে আমি আপনাদের বলবো, এই মেধাবী তরুণদের কর্মসংস্থানের ব্যবস্থা করে দিন। তাদের ভবিষ্যৎ গড়ে দিয়ে বাংলাদেশের ভবিষ্যৎ গড়ায় অবদান রাখুন।

সমাবর্তন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ও বিআইটি কাউন্সিলের চেয়ারম্যান ড. এম ওসমান ফারুক। সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন আহসান উল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ডাইন চ্যান্সেলর প্রফেসর ড. মোশাররফ হোসেন খান। স্বাগত বক্তব্য রাখেন খুলনা বিআইটির পরিচালক প্রফেসর ড. নওশের আলী মোড়ল। সভাপতিত্ব করেন খুলনা বিআইটি বোর্ড অফ গভর্নরস-এর চেয়ারম্যান প্রফেসর ড. নূরুল ইসলাম।

খুলনা বিআইটির সমাবর্তনে প্রধানমন্ত্রী সৃজনশীল মেধা ও উদ্ভাবনী শক্তি দিয়েই আমাদের টিকে থাকতে হবে

এস এম হাবিব, খুলনা থেকে : প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, সৃজনশীল মেধা, উদ্ভাবনী শক্তি ও নিরলস অধ্যবসায় দিয়ে বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে প্রতিযোগিতায় টিকে থাকতে হবে। শুধু একশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় নয়, নয়া সহস্রাব্দের চাহিদার কথাও আমাদের ভাবতে হবে। চিন্তা, উদ্ভাবনে, পরিকল্পনা প্রণয়নে হতে হবে দূর দৃষ্টিসম্পন্ন ও ভবিষ্যৎমুখী। কেবল সরকারি চাকরির ওপর নির্ভর না করে আত্মকর্মসংস্থানের উদ্যোগ নিতে হবে।

প্রধানমন্ত্রী আরো বলেন, একশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলা ও নয়া সহস্রাব্দের চাহিদা পূরণে সমযোপযোগী বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার প্রসারের লক্ষ্যকে সামনে রেখে এবার সরকার বিআইটিগুলোকে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছে। ইতিমধ্যে তা কেবিনেটে অনুমোদিত হয়েছে। এ বিষয়ে জাতীয় সংসদে একটি বিল উত্থাপন করা হয়েছে। পিপিটিরই পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় হিসেবে বিআইটি খুলনা কাজ শুরু করতে পারবে বলে আমরা আশাবাদী। গভর্নর শনিবার খুলনা বিআইটির দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া উপরোক্ত কথা বলেন। প্রথমে প্রধানমন্ত্রী সমাবর্তন শোভাযাত্রায় অংশ নেন। ১৫৮৭ জন স্নাতক ও স্নাতকোত্তর ছাত্রছাত্রীর মধ্যে ডিমির সনদপত্র প্রদানের পর প্রধানমন্ত্রী বিশেষ কৃতিত্বের জন্য একজন বিদেশী ছাত্রসহ ২৯ জন ছাত্রকে প্রধানমন্ত্রী

● এরপর পৃষ্ঠা ১১ কলাম ৭